

## الْبِرِّ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭৯ তম নাম ‘الْبِرِّ’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْبِرِّ’ শব্দের মূল ر - ر - ب , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৩২ বার এসেছে। ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণ, ধার্মিকতা, সদাচার, পবিত্রতা, সাধুতা, ন্যায্যতা, প্রভু, মালিক, মনিব ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْبِرِّ অর্থ: ‘ তিনি পরম অনুগ্রহশীল’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

لَيْسَ الْبِرُّ أَنْ تُوَلُّوا وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ  
وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ ﴿١٧٧﴾

পূর্ব ও পশ্চিম দিকে মুখ ফেরানোর মধ্যে (প্রকৃতপক্ষে) কোন পূন্য নেই। বরং পূন্য তো হলো: মানুষ ঈমান আনবে এক আল্লাহর প্রতি, শেষ দিবসের (আখিরাতের) প্রতি, ফেরেশতাদের প্রতি, আল্লাহর কিতাব ও নবীদের প্রতি। (সূরা আল বাকার: আয়াত নং ১৭৭)

إِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدْعُوهُ إِنَّهُ هُوَ الْبَرُّ الرَّحِيمُ ﴿٢٨﴾

আমরা ইতোপূর্বে (পৃথিবীর জীবনে) তাঁকেই ডাকতাম, নিশ্চয়ই তিনি পরম অনুগ্রহশীল, পরম দয়ালব। (সূরা আত তুর: আয়াত নং ২৮)

**তিরমিজি শরীফের হাদীস:**

ন্যায়পরায়ণতা البر (আল বির) হলো সুন্দর আচরণ, পাপ (النثم) হলো অন্তরের অস্থিরতা এবং তুমি ঘৃণা করবে যে মানুষ তোমার এ অস্থিরতা জেনে যাক।

**বুখারী শরীফের হাদীস:**

সত্যবাদিতা মানুষের মধ্যে البر (ন্যায়পরায়ণতা) এর গুণ আনয়ন করে এবং البر (ন্যায়পরায়ণতা) জান্নাতের দিকে নিয়ে যায়। মানুষ সত্যকথা বলতে বলতে সাদিক (সত্যবাদী মানুষ) হয়ে যায়। মিথ্যা মানুষের মধ্যে

নষ্টামি, মন্দ কাজ করা এর বদগুন নিয়ে আসে। আল ফুজুর জাহান্নামের দিকে নিয়ে যায়। মানুষ মিথ্যা বলতে বলতে আল্লাহর খাতায় তার নাম মিথ্যাবাদী হিসাবে লিখিত হয়ে যায়।

### **বুখারী শরীফের হাদীস:**

ভালো কাজে কর্তব্যপরায়ণদের আল্লাহ তা'আলা আল আবরার উপাধি দিয়েছেন। কারণ তারা নিজেদের পিতা-মাতা ও সন্তান-সন্ততির প্রতি কর্তব্যপরায়ন (আল বির)। যেমন তোমরা কর্তব্য রয়েছে তোমার পিতামাতার প্রতি তেমনি তোমার কর্তব্য রয়েছে তার সন্তান-সন্ততির প্রতি।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন আমরা পূণ্য কাজে নিয়োজিত থাকি। ন্যায়পরায়ণ, সুন্দর আচরণের অধিকারী হই। পাপ কাজে নিজেরা লিপ্ত না হই। পিতা-মাতা, স্ত্রী পুত্র পরিজন, আত্মীয়-স্বজন, পাড়া প্রতিবেশীর সাথে সদাচরণ করি। আশা করি আল্লাহ البر পরম অনুগ্রহশীলের করুণা আমাদের দুনিয়া ও আখেরাতের পথকে সুগম করবে। আমরা আল্লাহর সাথে কাউকে শরীক না করি। আল্লাহ আমাদের সহায় হোক।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহ।